

দৈনিক

আমাদের সময়

তারিখ... 1-9-MAY-2016...
পৃষ্ঠা... কলাম...

চট্টগ্রাম বোর্ডের ফল সংশোধন

পাস শিক্ষার্থীর সংখ্যা ১১১৫

চট্টগ্রাম ব্যুরো •

চট্টগ্রাম বোর্ডে এসএসসির গণিতের ফলাফলের ত্রুটি সংশোধনের পর সব বিষয়ে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে ১১১৫ জন। এ ছাড়া নতুন করে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে ৮৩৬ জন। দুইটি প্রশ্নপত্রের ত্রুটি সংশোধন করে গতকাল বিকালে ফলাফল ঘোষণা করা হয়। শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাহবুব হাসান বলেন, গণিতের বহু নির্বাচনী (এমসিকিউ) 'গ' ও 'ঘ' সেটের বাংলা ও ইংরেজি মাধ্যমের প্রশ্নপত্রে ভিন্নতা ছিল। যা প্রধান পরীক্ষক বা অন্য কারো নজরে আসেনি। এমসিকিউ অংশের উত্তরপত্রের মূল্যায়নে কিছু প্রশ্নের উত্তরমালায় ভিন্নতা তৈরি হয়। পরবর্তীতে ত্রুটি বের করে ফলাফলে সংশোধনী আনা হয়েছে। তিনি বলেন, গণিতের উত্তরপত্রের ত্রুটি সংশোধনের পর পুরো বোর্ডে জিপিএ-৫ পেয়েছে আট হাজার ৫০২ জন। গত ১১ মে ঘোষিত ফলাফলে এ সংখ্যা ছিল সাত হাজার ৬৬৬ জন।